

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৯৩

8২/ জাহান্নামের বিবরণ (ﷺ)

পরিচ্ছেদঃ জাহান্নামাগ্নির দু'টো শ্বাস ও তাওহীদ বিশ্বাসীদের জাহান্নাম থেকে বের করে আনা প্রসঙ্গে।

بَابُ مَا جَاءَ أَنَّ لِلنَّارِ نَفَسَيْنِ، وَمَا ذُكِرَ مَنْ يَخْرُجُ مِنَ النَّارِ مِنْ أَهْلِ التَّوْحِيدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ الْوَلِيدِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا الْمُفَضَّلُ بْنُ صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "الشَّتَكَتِ النَّارُ إِلَى رَبِّهَا وَقَالَتْ أَكَلَ بَعْضِي بَعْضًا فَجَعَلَ لَهَا نَفَسَيْنِ نَفَسًا فِي الشِّتَاءِ وَنَفَسًا فِي الشِّتَاءِ وَنَفَسًا فِي الصَّيْفِ فَسَمُومٌ ". وَنَفَسًا فِي الصَيْفِ فَسَمُومٌ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ قَدْ رُويَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْ غَيْرِ وَجْهٍ. وَالْمُفَضَّلُ بْنُ صَالِحٍ لَيْسَ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ بِذَلِكَ الْحَافِظِ.

বাংলা

২৫৯৩. মুহাম্মাদ ইবন উমর ইবন ওয়ালীদ কিন্দী কৃফী (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জাহান্নাম আল্লাহ্ তা'আলার দরবারে অভিযোগ করে এবং বলে, আমার কতক অংশ আর কতককে গ্রাস করে নিচ্ছে। তখন আল্লাহ্ তা'আলা তার দুটো শ্বাসের ব্যবস্থা করেন। একটি শ্বাস শীতে আরেকটি শ্বাস গ্রীম্মে। শীতের শ্বাস হল যামহারীর (শৈত্যপ্রবাহ) আর গ্রীম্মের শ্বাস হল সামূম (লূ প্রবাহ)। সহীহ, ইবনু মাজাহ ৪৩১৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৯২ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি সহীহ। আবূ হুরায়রা (রাঃ) থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে। মুফাযযাল ইবন সালিহ হাদীস বিশেষজ্ঞগণের মতে তেন স্মরণ শক্তিসম্পন্ন নন।

English

Abu Hurairah narrated:

that the Messenger of Allah (s.a.w) said: "The Fire complained to its Lord. It said: 'Some parts of me consume other parts.' So He allowed it to take two



breaths: one during the winter, and during the summer. As for the breath in the winter then it is Zamharir, and as for the breath in the summer then it is Samum.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন